

জেলা প্রতিনিধি | সিলেট | 15 April, 2025

সুনামগঞ্জে সম্ভাব্য বন্যা পরিস্থিতি মোকাবিলায় জেলা প্রশাসন, পানি উন্নয়ন বোর্ড ও কৃষি বিভাগ—এই তিন দপ্তরের সব কর্মকর্তা-কর্মচারীর ছুটি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাতিল করা হয়েছে। আজ মঙ্গলবার বিকেলে জেলা প্রশাসকের (ডিসি) কার্যালয়ে এক সম্মেলনে এ ঘোষণা দেন জেলা প্রশাসক মোহাম্মদ ইলিয়াস মিয়া।

জেলা প্রশাসক বলেন, আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী শুক্রবার (১৮ এপ্রিল) থেকে সুনামগঞ্জে সম্ভাব্যপী মাঝারি থেকে ভারী বৃষ্টির আশঙ্কা রয়েছে। তাতে হাওরের ধান ঝুঁকির মধ্যে পড়তে পারে। তিনি বলেন, ‘কৃষকদের অনুরোধ করছি, ধান পাকলেই দ্রুত কেটে ফেলুন। সময় নষ্ট করার সুযোগ নেই।

সাংবাদিকদের উদ্দেশে জেলা প্রশাসক বলেন, ‘আপনারা কৃষকদের সচেতন করুন। যাতে তাঁরা ধান পাহারা দিতে পারেন এবং হঠাৎ পানি বাড়লে ক্ষয়ক্ষতি এড়ানো যায়।

এ সময় উপস্থিত ছিলেন পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মামুন হাওলাদার, অতিরিক্ত জেলা প্রশাসক সমর কুমার পাল, কৃষি বিভাগের উপপরিচালক মোস্তফা ইকবাল আজাদ, সুনামগঞ্জ রিপোর্টার্স ইউনিটির সভাপতি মাহবুবুর রহমান পীর, জেলা প্রেসক্লাবের সভাপতি লতিফুর রহমান রাজু, আল হেলাল প্রমুখ।

সুনামগঞ্জ বন্যা বৃষ্টি